



# জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



## প্রেস রিলিজ

### বরিশাল বিশ্ববিদ্যালয়ে

### ১২তম স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ এর পুরস্কার বিতরণী অনুষ্ঠিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০২ ডিসেম্বর ২০২১খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়েছে ১২তম স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ এর পুরস্কার বিতরণী। ০২ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাস কনফারেন্স হলে প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। ১২তম স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ বরিশাল অঞ্চলের আহবায়ক বরিশাল বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের চেয়ারম্যান চিন্ময়ী পোদ্দারের সভাপতিত্বে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজের অধ্যক্ষ ইঞ্জিনিয়ার রুহুল আমিন, ১২তম স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ বরিশাল অঞ্চলের সদস্য-সচিব গণিত বিভাগের সহকারী অধ্যাপক ড. মোহাম্মদ সাখাওয়াত হোসেন, ১২তম স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১ বরিশাল অঞ্চলের ট্রেজারার সহকারী অধ্যাপক ড. বিজন কৃষ্ণ সাহা, সহকারী অধ্যাপক ড. শফিউল আলম, সহকারী অধ্যাপক হেনা রানী বিশ্বাস, সহকারী অধ্যাপক আব্দুল্লাহ আহমেদ ফয়সাল, সহকারী অধ্যাপক শেখ আহমেদ, প্রভাষক মল্লয়া জাহান রূপা, প্রভাষক সুজিত কুমার বালাসহ বিভিন্ন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা। প্রতিযোগিতার বরিশাল আঞ্চলিক পর্বে বিজয়ী ১০ জন শিক্ষার্থীকে সম্মাননা স্মারক ও সনদ তুলে দেন উপাচার্য মহোদয়। উল্লেখ্য এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশন এর সহায়তায় এবং বাংলাদেশ গণিত সমিতির উদ্যোগে দেশব্যাপী “১২তম স্নাতক গণিত অলিম্পিয়াড ২০২১” আয়োজন করা হয়েছিলো। বরিশাল বিশ্ববিদ্যালয় গণিত বিভাগের সার্বিক তত্ত্বাবধায়নে গণিত অলিম্পিয়াডের বরিশাল বিভাগের আঞ্চলিক পর্বটি গত ২৬ নভেম্বর ২০২১ তারিখ সম্পন্ন হয়। প্রতিযোগিতায় ০৬টি বিশ্ববিদ্যালয় ও ০৯ টি কলেজের ১১৫ জন শিক্ষার্থী অংশগ্রহণ করে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস